

## নৌ প্রধানের সাথে ২১তম কমনওয়েলথ গেমসে অংশগ্রহণকারী জাতীয় দলের তিন জন সঁতারুর সৌজন্য সাক্ষাত

২১তম কমনওয়েলথ গেমসে অংশগ্রহণকারী জাতীয় দলের হয়ে নৌবাহিনীর তিন কৃতি সঁতারু নাজমা খাতুন, মোঃ আরিফুল ইসলাম এবং মোঃ নাহিদ বৃহস্পতিবার (২৯-০৩-২০১৮) নৌসদর দপ্তরে বাংলাদেশ সুইমিং ফেডারেশনের সভাপতি ও নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় সহকারী নৌ প্রধান (পার্সোনেল), সহকারী নৌ প্রধান (লজিস্টিক্স), নৌ প্রধান কর্তৃপক্ষ ঢাকা ও বাংলাদেশ সুইমিং ফেডারেশনের সাধারণ সম্পাদকসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



২১তম কমনওয়েলথ গেমসে অংশগ্রহণকারী জাতীয় দলের তিন কৃতি সঁতারু আজ বৃহস্পতিবার (২৯-০৩-২০১৮) নৌসদর দপ্তরে বাংলাদেশ সুইমিং ফেডারেশনের সভাপতি ও নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

আগামী ৪ হতে ১৫ এপ্রিল অস্ট্রেলিয়ার গোল্ডকোস্টে অনুষ্ঠিতব্য কমনওয়েলথ গেমসের ২১তম আসরে বাংলাদেশের হয়ে অংশগ্রহণকারী নৌবাহিনীর সঁতারু নাজমা খাতুন ৫০ মিটার ফ্রি স্টাইল ও ৫০ মিটার বাটার ফ্লাই সঁতারে অংশ নেবেন। তাছাড়া সঁতারু মোঃ আরিফুল ইসলাম ৫০ ও ১০০ মিটার ব্রেস্ট স্ট্রোক এবং মোঃ নাহিদ ৫০ মিটার ব্রেস্ট স্ট্রোক ও ৫০ মিটার ফ্রি স্টাইল সঁতারে অংশ নেবেন। বাংলাদেশ সুইমিং ফেডারেশনের প্রতিনিধি হিসেবে দলটির সাথে আছেন কোষাধ্যক্ষ মোঃ রেজাউল হোসেন বাদশা। দলটি আগামী ৩১ মার্চ অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করবে।